



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম



নং- ২৪/২০২৫

২৬ জানুয়ারি ২০২৫ খ্রি:

বিজ্ঞপ্তি : ৬০ ব্যাচ ক্যাডেট প্রশিক্ষনে যোগদান

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম -এ ভর্তিকৃত ১৬০ জন পুরুষ ও ২০ জন মহিলা (মোট ১৮০ জন) ক্যাডেটদের প্রশিক্ষণ আগামী ১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি: তারিখ হতে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ক্যাম্পাসে শুরু হবে।

(১) ০৯ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ সকাল ০৯.৩০-১১.৩০ ঘটিকায় বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অডিটোরিয়ামে একাডেমি কর্তৃপক্ষ এবং সম্মানিত অভিভাবকবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। প্রোক্ত সভায় জন প্রতি ক্যাডেটের ০২ জন অভিভাবক উপস্থিত থাকতে পারবেন (এ জন্য কোন প্রকার টিএ/ডিএ/সম্মানী প্রদান করা হবে না)। প্রোক্ত দিন সকাল ০৮.১৫ ঘটিকায় সম্মানিত অভিভাবকবৃন্দের জন্য একাডেমির বাস চট্টগ্রাম রেলওয়ে নতুন স্টেশনে অবস্থান করবে। বাসসমূহ সর্বশেষ ৮.৪৫ ঘটিকায় স্টেশন ত্যাগ করে একাডেমিতে অভিভাবক সমেত চলে আসবে। এছাড়াও পতেঙ্গা ১১ নং মেরিন একাডেমি জেটি হতে ০১ টি বোট সকাল ৮.৪৫ ঘটিকায় একাডেমির উদ্দেশ্যে যাত্রা করবে। তবে কেহ ব্যক্তিগত যানবাহন নিয়ে ক্যাম্পাসে আসতে চাইলে ৯.১৫ ঘটিকার মধ্যে প্রবেশ করতে হবে। অনুষ্ঠান শেষে বাসসমূহ দুপুর ১১.৩০ ঘটিকায় অভিভাবকবৃন্দসহ শহরের উদ্দেশ্যে ক্যাম্পাস ত্যাগ করবে।

(২) ভর্তিকৃত ক্যাডেটবৃন্দকে ১০ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ সকাল ০৮.৩০ ঘটিকায় চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে (নতুন) উপস্থিত হতে নির্দেশনা প্রদান করা হল। একাডেমির বাসসমূহ নির্ধারিত সময়সূচি অনুসরণ করে ক্যাডেটবৃন্দকে একাডেমিতে নিয়ে আসবে। এছাড়া কোনো ক্যাডেট ইচ্ছা করলে নিজস্ব ব্যবস্থাপনায় পতেঙ্গা ১১নং মেরিন একাডেমি জেটি দিয়ে আসতে পারবে। এক্ষেত্রে সকাল ৮.৪৫ ঘটিকায় একটি বোট একাডেমির উদ্দেশ্যে রওনা হবে। সরাসরি নিজস্ব ব্যবস্থাপনায় আসতে ইচ্ছুক ক্যাডেটবৃন্দ সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে একাডেমির মূল ফটকে হাজির থাকতে হবে।

(৩) তালিকা মোতাবেক মালামাল, ডকুমেন্ট ও সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে।

(৪) যোগদানের পরবর্তী দিন সমূহে ক্যাডেটবৃন্দ পালাক্রমে তাদের পিতা/মাতা/অভিভাবকবৃন্দের সাথে ফোনে সংক্ষিপ্ত পরিসরে কথা বলার সুযোগ পাবে।

(৫) যোগদানের একমাস পর “অভিভাবক দিবস” (Parents’ Day) অনুষ্ঠিত হয়ে থাকে। তবে, এবছর রমজানের কারণে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ “অভিভাবক দিবস” (Parents’ Day) পালন করা হবে। এক সপ্তাহ পূর্বেই বিস্তারিত জানিয়ে দেয়া হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(৬) প্রশিক্ষণকালীন সময়ে ক্যাডেটের অভিভাবক/আত্মীয়-স্বজন দেখা করতে পারবেন না। ক্যাডেট কোন প্রকার ব্যক্তিগত ছুটি পাবে না। তবে বিশেষ দুর্ঘটনা/নিকট আত্মীয়ের (যেমন-বাবা-মা, ভাই-বোন) মৃত্যুজনিত প্রয়োজনে এ্যাডজুটেন্ট এর মাধ্যমে কমান্ড্যান্ট বরাবর আবেদন করতে পারবে।

(৭) যে কোন বিশেষ প্রয়োজনে নিম্নলিখিত ফোন নম্বরে যোগাযোগ করা যাবে:

*একাডেমি এক্সচেঞ্জ : ০২৩৩৩৩১৪১৫১-৬ (অপারেটর ০)

*সিপিও (জিআই) : মো: নাজিম 01887634517 / মো: ফরিদ 01716204851